

৬ মার্চ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের দ্বিতীয় সমাবর্তন

চট্টগ্রাম ব্যুরো : বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের দ্বিতীয় সমাবর্তন আগামী ৬ মার্চ অনুষ্ঠিত হবে। প্রেসিডেন্ট একিউএম বদরুদ্দোজা চৌধুরী এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। প্রতিষ্ঠার পর বিগত এক যুগে ইউএসটিসি শিক্ষা বিভাগের পাশাপাশি টিকিৎসা সেবায়ও দৃষ্টান্ত স্থাপন করেছে। বাংলাদেশ ছাড়াও সাতটি দেশের ছাত্রছাত্রীরা ইউএসটিসিতে পড়াশোনা করছে। জায়গা পেলে কক্সবাজার শহরে ইউএসটিসি ক্যাম্পাস গড়তে প্রস্তুত রয়েছে। ইউএসটিসির ডাইস চ্যামেলের জাতীয় অধ্যাপক ডাঃ নুরুল ইসলাম এক সাংবাদিক সম্মেলন এ আগ্রহের কথা ব্যক্ত করেন। গতকাল শুক্রবার চট্টগ্রাম প্রেসক্লাবে এ সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

ইউএসটিসির দ্বিতীয় সমাবর্তন উপলক্ষে এ সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। লিখিত বক্তব্যে ইউএসটিসির সার্বিক অবস্থা তুলে ধরা হয়। ১৯৮৯ সালের ১৩ মে-৪০ জন ছাত্রছাত্রী নিয়ে নগরীর ফয়েজ লেক এলাকায় ইনস্টিটিউট অব এ্যাপলাইড হেলথ সায়েন্সেস যাত্রা শুরু করে। ১৯৯৩ সালে মেডিসিন ও ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস এ দুটি ফ্যাকাল্টি নিয়ে উক্ত প্রতিষ্ঠান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম (ইউএসটিসি) নামে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় হিসেবে যাত্রা করে। বর্তমানে ৪টি ফ্যাকাল্টি- ফ্যাকাল্টি অব মেডিসিন, ফ্যাকাল্টি অব ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস, ফ্যাকাল্টি অব বিজনেস এডমিনিস্ট্রেশন এবং ফ্যাকাল্টি অব সায়েন্স, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজীতে ১২৬৫ জন ছাত্রছাত্রী অধ্যয়ন করছে। এর মধ্যে ২৫০ জন বিদেশী রয়েছে। যারা নেপাল, শ্রীলংকা, ভারত, সুদান, পাকিস্তান, আরব-আমিরাত এবং জর্ডানের ছাত্রছাত্রী।